বাংলাদেশ কৃষি ব্যাংক
মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

গণমানুষের ব্যাংক
ইমেইল: dcamlco@krishibank.org.bd
ফোন ঃ ২২২৩৩৮৪৪৮৬

নং-প্রকা/এএমএল-আরএমডি-০৪/সিস্টেম চেক /২০২৩-২০২৪/২৮৪৭ তারিখ ঃ ২৪/০১/২০২৪

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক কার্যালয়
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
ব্যবস্থাপক, সকল শাখা (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়- মাঠ পর্যায়ে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম বিষয়ক পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

মাঠ পর্যায়ে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম পর্যালোচনার নিমিত্ত অত্র বিভাগের পরিদর্শন Team সমূহ কর্তৃক অনুমোদিত Terms of Reference (TOR) অনুযায়ী ৫টি মুখ্য আঞ্চলিক কার্যালয় এবং উক্ত অঞ্চলাধীন ২৫টি শাখা পরিদর্শন করা হয়। সে প্রেক্ষিতে, AML-CFT বিষয়ক প্রণীত আলোচ্য "System Check" পরিদর্শন প্রতিবেদনের আলোকে উৎঘাটিত সাধারণ অনিয়মসমূহের বিষয়ে ব্যাংকের মাঠ পর্যায়ে সচেতনতা জরুরী।

সে মোতাবেক, উক্ত অনিয়মসমূহ প্রতিরোধকল্পে ব্যাংকের মুখ্য অঞ্চল/অঞ্চল পর্যায়ে গঠিত আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি ও শাখাসমূহ কর্তৃক নিম্নবর্ণিত প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণপূর্বক নিয়মিত মনিটরিং করতে হবে-

ক) ব্যাংকের প্রধান নির্বাহী কর্তৃক বাৎসরিক ভিত্তিতে এএমএল-সিএফটি বিষয়ক অঙ্গীকারের বিষয়টি শাখাসহ ব্যাংকের সকলকে অবহিত থাকতে হবে এবং এতদসংক্রান্ত চিঠিটি শাখায় যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

খ) বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এর মাস্টার সার্কুলার নং-২৬, তারিখ ১৬/০৬/২০২০ অনুযায়ী গ্রাহকের KYC যথাযথ সম্পাদন করতে হবে। এছাড়া, হিসাব খোলার ক্ষেত্রে পেশা সম্পর্কিত তথ্য ও উহার সঠিকতা যাচাই, অর্থের উৎস যাচাই, রেকর্ড সংরক্ষণ ইত্যাদি নির্দেশনাবলী শাখা কর্তৃক যথাযথভাবে পরিপালন করতে হবে।

গ) হিসাবের প্রকৃত সুবিধাভোগী চিহ্নিত করতে হবে ও প্রকৃত সুবিধাভোগীর KYC যথাযথভাবে সম্পাদন করতে হবে।

ঘ) শাখা কর্তৃক ভাসমান (Walk-in-Customer) গ্রাহক এর ক্ষেত্রে KYC প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করতে হবে।

ঙ) এপ্রিল ৩০, ২০০২ তারিখের পূর্বে খোলা সকল Legacy হিসাবের KYC প্রক্রিয়া দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে।

চ) ব্যাংকের CCC কর্তৃক অনুমোদিত BAMLCO মনোনয়ন পত্র শাখায় যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং BAMLCO মনোনয়ন হালনাগাদ রাখতে হবে।

ছ) শাখার কর্মকর্তাগণের PEPs/ IPs এর বিষয়ে বিএফআইইউ সার্কুলার-২৬, তারিখ ১৬/০৬/২০২০ অনুযায়ী সুস্পষ্ট ধারণা থাকতে হবে।

জ) শাখা কতৃক উচ্চ ঝুঁকিপূর্ণ গ্রাহকদের লেনদেন নিয়মিত মনিটরিং করতে হবে।

ঝ) হিসাব খোলার সময় গ্রাহকদের TP যথাযথভাবে পূরণ করতে হবে। এক্ষেত্রে ব্যাংক গ্রাহকের অতীত লেনদেনের (৬-১২ মাসের লেনদেন) উপর ভিত্তি করে একটি নির্দিষ্ট লেনদেনের ধরণ নিরূপন করতে হবে।

ঞ) সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে শাখার কর্মকর্তাগণের UN Security Council Regulation এর আওতায় Sanction List ও হালনাগাদ স্থানীয় সন্ত্রাসী তালিকা সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জনে বিএফআইইউ এর ওয়েবসাইট ভিজিট করতে হবে।

ট) ব্যাংক হিসাবসমূহের লেনদেন বা গ্রাহকের কার্যক্রমে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে শাখা কর্তৃক STR (Suspicious Transaction Report) বা SAR(Suspicious Activity Report) দাখিল করতে হবে ।

ঠ) স্ব-নির্ধারণ (Self Assessment) মূল্যায়ন প্রতিবেদনে সংশ্লিষ্ট শাখার AML-CFT বিষয়ক প্রকৃত চিত্র প্রতিফলিত হতে হবে।

ড) শাখায় False positive এর তালিকা সংরক্ষণ করতে হবে।

ঢ) শাখায় প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও দলিলাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

ণ) গ্রাহক সচেতনতা বৃদ্ধিকল্পে অত্র বিভাগ থেকে ইতোপূর্বে সরবরাহকৃত "মানিলন্ডারিং কি এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে ব্যাংকের গ্রাহকদের করণীয়" শিরোনামের পোস্টারটি শাখার দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।

ত) BACH সংশ্লিষ্ট ডেস্ক-এ অফিস অর্ডারের মাধ্যমে দক্ষ ও দায়িত্বশীল কর্মকর্তা মনোনয়ন দিতে হবে, যাতে এতদ্‌সংক্রান্ত কাজে Timely Respond করার ক্ষেত্রে কোন ধরণের শৈথিল্য প্রদর্শিত না হয়।

থ) শাখার কর্মকর্তাগণের এএমএল-সিএফটি বিষয়ক নীতি, পদ্ধতি ও প্রোগাম এবং বিএফআইইউ এর গাইডলাইন্স সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকতে হবে।

দ) AML-CFT বিষয়ক পরিপালনীয় কাজের মনিটরিং এর সুবিধার্থে ইতোপূর্বে নির্দেশিত ১৭ টি ফাইলে প্রয়োজনীয় তথ্যাদি ও সার্কুলারসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

ধ) শাখা পর্যায়ে AML-CFT বিষয়ক কার্যক্রম মনিটরিং এর জন্য গঠিত আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি প্রতি ০৩ (তিন) মাস অন্তর অঞ্চলাধীন ন্যূনতম তিনটি শাখা সরেজমিনে পরিদর্শনপূর্বক এতদসংক্রান্ত প্রতিবেদন কেন্দ্রীয় পরিপালন কমিটি বরাবর প্রেরণ করবে।

ন) আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি কর্তৃক অত্যন্ত গুরুত্বের সাথে শাখার AML-CFT বিষয়ক পরিপালনীয় কার্যক্রম নিবিড়ভাবে তদারকি এবং নিয়মিতভাবে সভা আয়োজন করতে হবে।

এমতাবস্থায়, উল্লিখিত AML-CFT সংক্রান্ত পরিপালনীয় কার্যাদি সকল কার্যালয়/শাখাসমূহকে সতর্কতার সাথে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। একই সাথে আলোচ্য "System Check" মূল্যায়ন প্রতিবেদনের আলোকে পরিদর্শিত মুখ্য আঞ্চলিক কার্যালয়/শাখাসমূহকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

সংযুক্তিঃ সংশ্লিষ্ট কার্যালয়/ শাখাসমূহের
'System Check' প্রতিবেদন।

28/01/2024

(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা
(DCAMLCO)

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

১। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক ও CAMLCO, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ মহোদয়ের দপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬। নথি/মহানথি।

28/01/24

(জান্নাতআরা ফেরদৌস)
সহকারী মহাব্যবস্থাপক